# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৫৯

৩. কিতাবুল ইসরা [ও মে’রাজ] (الإسراء)

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ صَالِحِ بْنِ ذَرِيحٍ بِعُكْبَرَا حَدَّثَنَا مَسْرُوقُ بْنُ الْمَرْزُبَانِ حَدَّثَنَا ابْنُ أَبِي زَائِدَةَ حَدَّثَنَا إِسْرَائِيلُ عَنْ أَبِي إِسْحَاقَ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ يَزِيدَ عَنِ ابْنِ مَسْعُودٍ فِي قَوْلِهِ تَعَالَى: {مَا كَذَبَ الْفُؤَادُ مَا رَأَى} [النجم: 11] قَالَ:
رَأَى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وسلم وَسَلَّمَ جِبْرِيلَ فِي حُلَّةٍ مِنْ يَاقُوتٍ قَدْ ملأ ما بين السماء والأرض
□□ □□□□ □

[تعليق الشيخ الألباني]
صحيح ـ ((الظلال)) (1/ 191): م

বাংলা

ذِكْرُ خَبَرٍ أَوْهَمَ مَنْ لَمْ يُحْكِمْ صِنَاعَةَ الْعِلْمِ أَنَّهُ مُضَادٌّ لِلْخَبَرِ الَّذِي ذَكَرْنَاهُ

এমন বর্ণনা, যা ইলমী পারদর্শীতা নেই, এমন লোকদেরকে ভ্রমে নিপতিত করতে পারে, নিশ্চয়ই সেটি বিভ্রান্তিকর, আমাদের নিম্নে বর্ণিত হাদীসের কারণে:

৫৯. আবদুল্লাহ (রাযিঃ) হতে বর্ণিত আছে, “তিনি যা প্রত্যক্ষ করেছেন, তার মন তা অস্বীকার করেনি"- (সূরা নাজমঃ ১১); এ আয়াতটি প্রসঙ্গে তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জিবরীল (আঃ)-কে ইয়াকুত (পাথরের কারুকার্যখচিত) কাপড় পরিহিত অবস্থায় দেখেছেন। তিনি আকাশ ও ভুমির মধ্যে অবস্থিত জায়গা পূর্ণ করে রেখেছিলেন।[1]

قَالَ أَبُو حَاتِمٍ: قَدْ أَمَرَ اللَّهُ تَعَالَى جِبْرِيلَ لَيْلَةَ الْإِسْرَاءِ أَنْ يعلِّم مُحَمَّدًا صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَا يَجِبُ أَنْ يَعْلَمَهُ

كَمَا قَالَ: {عَلَّمَهُ شَدِيدُ الْقُوى * ذُو مِرَّةٍ فَاسْتَوَى * وَهُوَ بِالْأُفُقِ الْأَعْلَى} [النجم: 5 - 7] يُرِيدُ بِهِ جِبْرِيلَ {ثُمَّ دَنَا فَتَدَلَّى} [النجم: 8] يُرِيدُ بِهِ جِبْرِيلَ {فَكَانَ قَابَ قَوْسَيْنِ أَوْ أَدْنَى} [النجم: 9] يُرِيدُ بِهِ جِبْرِيلَ {فَأَوْحَى إِلَى عَبْدِهِ مَا أَوْحَى} [النجم: 10]: بِجِبْرِيلَ {مَا كَذَبَ الْفُؤَادُ مَا رَأَى} [النجم: 11] يُرِيدُ بِهِ رَبَّهُ بِقَلْبِهِ فِي ذَلِكَ الْمَوْضِعِ الشَّرِيفِ وَرَأَى جِبْرِيلَ فِي حُلَّةٍ مِنْ يَاقُوتٍ قَدْ مَلَأَ مَا بَيْنَ السَّمَاءِ وَالْأَرْضِ عَلَى [ص: 187] مَا فِي خَبَرِ ابْنِ مَسْعُودٍ الذي ذكرناه

الحديث: 59 ¦ الجزء: 1 ¦ الصفحة: 186

আবূ হাতিম (ইবনু হিব্বান) বলেন: ইসরার রাতে আল্লাহ তা'আলা জিবরীল আ: কে নির্দেশ দিয়েছিলেন, তিনি যেন মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে ঐ সকল বিষয় শিক্ষা দেন, যা শিক্ষা দেওয়া জরুরী। যেমন আল্লাহ বলেছেন: “তাকে শিক্ষা দিয়েছে প্রবল শক্তিধর, প্রজ্ঞা সম্পন্ন; সে নিজ আকৃতিতে স্থির হয়েছিল, আর সে ছিল উর্ধ্ব দিগন্তে,” (নাজম:৫-৭) এ দ্বারা জিবরীল (আঃ) কে বোঝানো হয়েছে। “তারপর তিনি তার কাছাকাছি হলেন, অতঃপর খুব কাছাকাছি, ফলে তাদের মধ্যে দু ধনুকের ব্যবধান রইল অথবা তারও কম। তখন আল্লাহ তাঁর বান্দার প্রতি যা ওহী করার তা ওহী করলেন।” (নাজম: ৮-১০) এর দ্বারাও জিবরীল উদ্দেশ্য। এরপর, “অন্তঃকরণ মিথ্যে মনে করেনি যা সে দেখে ছিল”- এ পবিত্র স্থানে তিনি তাঁর রব্বকে অন্তর দিয়ে (দেখেছিলেন)। আর তিনি (রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) জিবরীল (আঃ)-কে ইয়াকুত (পাথরের কারুকার্যখচিত) কাপড় পরিহিত অবস্থায় দেখেছেন। তিনি আকাশ ও ভুমির মধ্যে অবস্থিত জায়গা পূর্ণ করে রেখেছিলেন-যা রয়েছে ইবনু মাসউদ (রাঃ) এর বর্ণনায়- যা আমরা বর্ণনা করলাম।

## ফুটনোট

[1] আলবানী: সহীহ।
আরনাউত্ব: সনদ হাসান, হাদীস সহীহ।
তাখরীজ: বুখারী, ৪৮৫৬; মুসলিম ১৭৪;; তিরমিযী, ৩২৭৭; আহমাদ ১/৩৯৪, ৪১৮; হাকিম ২/৪৬৮-৪৬৯।
তিরমিযী হাসান সহীহ, হাকিম ও যাহাবী সহীহ বলেছেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=86957

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন